জিইপি/বাহক মারফত

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম
ওয়েবসাইটঃ www.cbcctg.gov.bd

বিচারাদেশ নং ঃ ২৪ /২০১৯, তারিখ ঃ ২৯ /০৫/২০১৯, প্রেরণের তারিখ ঃ /০৫/২০১৯ খ্রিঃ

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ঃ **মোঃ আজিজুর রহমান**
পদবী ঃ কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

**ঃ মূল আদেশ ঃ**

১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।

২। এ আদেশের বিরুদ্ধে আপিল করতে হলে তা আদেশ জারির ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা বরাবরে দাখিল করতে হবে।

৩। আপিল আবেদনের উপর টাকা ১,২০০/- (এক হাজার দুই শত) মাত্র মূল্যের কোর্ট ফি ষ্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করে দিতে হবে।

ক) ১৮৭০ সনের কোর্ট ফি ষ্ট্যাম্প এর ১নং তফশীলের ৬ নং দফা অনুযায়ী টাকা ২০/-(বিশ) মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অতিরিক্ত অনুলিপি ; এবং

খ) আপিল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি।

৪। আপিল আবেদনের একটি অনুলিপি অবশ্যই কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে।

৫। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৯৪, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৪২(১) (খ) এর প্রতি আপিলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আপিল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে।

৬। লিখিত আপিল ছাড়াও আপিলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে আপিলাত ট্রাইব্যুনালে ব্যক্তিগত শুনানি দিতে চাইলে আপিল আবেদনে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ মেসার্স ফোর এইচ ফ্যাশন লিঃ, ৭৭৮, ডিটি রোড, আসকারাবাদ, ডবলমুরিং, চট্টগ্রাম।

খ) অনিয়ম এর বিবরণ ঃ বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামাল বন্ড গুদাম হতে অবৈধ অপসারণের অভিযোগ ।

৮। **মামলার বিবরণ ঃ**

মেসার্স ফোর এইচ ফ্যাশন লিঃ, ৭৭৮, ডিটি রোড, আসকারাবাদ, ডবলমুরিং, চট্টগ্রাম নামীয় প্রতিষ্ঠান কর্তৃক বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামাল শুল্ক করাদি ফাঁকি দিয়ে কাভার্ড ভ্যান নম্বর চট্ট-মেট্রো-অ-১১-০৬০১ এর মাধ্যমে খোলা বাজারে বিক্রির উদ্দেশ্যে পরিবহনকালে গত ১৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখ আনুমানিক বিকাল ৪.৩০ ঘটিকায় শাহ আমানত সেতু টোল প্লাজা, কর্ণফুলী এলাকা অতিক্রমকালে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম এর কর্মকর্তাগণ কর্তৃক আটক করা হয়। কাভার্ড ভ্যান চালক জনাব মোঃ নুরুল আজিম, পিতা- মৃতঃ আব্দুল হাকিম, গ্রাম-মধ্যম শাকপুরা, থানা বোয়ালখালী, জেলা-চট্টগ্রাম এর গাড়িতে পরিবহনকৃত মালামাল সম্পর্কে জানতে চাওয়া হলে তিনি শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামের কর্মকর্তাগণকে জানান যে, পণ্যসমূহ ফেব্রিক্স, ফোর এইচ গ্রুপের সেন্টার ফেব্রিক স্টোর ইউনিট-৪, খোয়াজনগর, আজিমপাড়া, কর্ণফুলী, চট্টগ্রাম হতে লোড করা হয়েছে, যা আন্দ্রা গার্মেন্টস এর উদ্দেশ্যে রওনা হচ্ছিল। গাড়িতে পরিবহনকৃত পণ্যের শুল্ক ও মূসক সংক্রান্ত কোন আইনানুগ দলিলাদি গাড়ী চালক দেখাতে পারেননি। বন্ড লাইসেন্সধারী কোনো তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানকে সাব-কন্ট্রাক্ট বা অন্য কোনো আইনানুগ পদ্ধতিতে কাঁচামাল/পণ্য পরিবহনের ক্ষেত্রে ০(শূণ্য) হারের মূসক চালান সংরক্ষণ/সরবরাহ করার আইনগত বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া গাড়িচালক উল্লিখিত পণ্য চালান পরিবহনের স্বপক্ষে সাব-কন্ট্রাক্টের কোনো দলিল বা অন্য কোনো প্রামাণিক দলিলাদিও উপস্থাপন করতে পারেননি। অতএব এটা স্পষ্টতই প্রমাণিত যে, গাড়িতে পরিবহনকৃত ফেব্রিক্স বন্ডের আওতায় আমদানি করে শুল্ক পরিশোধ ব্যতিরেকে অবৈধভাবে খোলাবাজারে বিক্রির উদ্দেশ্যে পরিবহন করা হচ্ছিল। আটককৃত পণ্যসহ কাভার্ড ভ্যান কাস্টম হাউস, চট্টগ্রাম-এ নিয়ে ইনভেন্ট্রি করে ৩,৩২৩.০০ কেজি (১৫২ প্যাকেজ) নীটেড ফেব্রিক্স পাওয়া যায়। ইনভেন্ট্রি শেষে ৩.৩২৩.০০ কেজি (১৫২ প্যাকেজ) নীটেড ফেব্রিক্সসহ কাভার্ড ভ্যান নম্বর চট্ট-মেট্রো-অ-১১-০৬০১ কাস্টম হাউস, চট্টগ্রাম এর কাস্টোডিয়ান শাখায় জমা প্রদান করা হয়। আলোচ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে আটক মামলা নং-০২/২০১৯, তাং-১৬/০৫/২০১৯ খ্রিঃ দায়ের করতঃ শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম এর পত্র নং-০৫/০৭(২৯৮)গোপ/গোওত/চট্ট-২০১৯/১০৩৫, তাং-১৬/০৫/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে এ দপ্তরে প্রেরণ করেন। আটককৃত ফেব্রিক্সের শুল্কায়নযোগ্য মূল্য ১২,৭১,০৪৭.০০ (বার লক্ষ একাত্তর হাজার সাতচল্লিশ দশমিক শূণ্য শূণ্য) টাকা ও যানবাহনের আনুমানিক মূল্য ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ) টাকা, গাড়ীসহ আটককৃত পণ্যের বিচারিক মূল্য ২৭,৭১,০৪৭.০০ (সাতাইশ লক্ষ একাত্তর হাজার সাতচল্লিশ দশমিক শূণ্য শূণ্য) টাকা। আটককৃত ফেব্রিক্সের জড়িত রাজস্ব ১১,৬৭,৮৩৭.০০ (এগার লক্ষ সাতষট্টি হাজার আটশত সাইত্রিশ দশমিক শূণ্য শূণ্য) টাকা।



Scanned by CamScanner

০৯। **কারণ দর্শানো নোটিশ জারি ঃ**

মেসার্স ফোর এইচ ফ্যাশন লিঃ, ৭৭৮, ডিটি রোড, আসকারাবাদ, ডবলমুরিং, চট্টগ্রাম এর বিরুদ্ধে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক দায়েরকৃত আটক মামলা নং-০২/২০১৯, তাং-১৬/০৫/২০১৯ খ্রিঃ এর প্রেক্ষিতে এ দপ্তরের পত্র নং- ৫(১৩)কাবক/চট্টঃ/ফোরএইচগ্রুপ/শুগোঃচট্টঃ/আটক মামলা/১৭/২০১৯/২২১৫, তাং-২২/০৫/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে প্রতিষ্ঠানের বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়।

১০। **লিখিত জবাব দাখিল ঃ**

প্রতিষ্ঠান কর্তৃপক্ষ গত ২৩/০৫/২০১৯ খ্রিঃ তারিখের পত্রের মাধ্যমে এ দপ্তর হতে জারিকৃত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব করেন। দাখিলকৃত জবাবে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উল্লেখ করে যে,

ক) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-১(৩)শুল্ক রপ্তানি ও বন্ড/৯৭/৯৭৬-৯৯৩, তাং-১২/০৬/১৯৯৭ এর ১০নং অনুচ্ছেদের মাধ্যমে আন্তঃবন্ড স্থানান্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট সমিতিকে অনুমোদন এর ক্ষমতা অর্পন করে প্রজ্ঞাপন জারী করা হয়েছে। সেই মোতাবেক মেসার্স ফোর এইচ ফ্যাশনস লিঃ হতে আন্ড্রা ডিজাইন এন্ড ফ্যাশনস লিঃ এর বিপরীতে সাব কন্ট্রাক্টের জন্য সংশ্লিষ্ট সমিতি বিকেএমইএ হতে অনুমোদন নেয়া হয়েছে, যার রেফারেন্স নং-বিকেএমইএ/ইন-বন্ড/২৭/২০১৯, তাং-০৯/০৫/২০১৯ গ্রহণ করা হয়। উক্ত সাব কন্ট্রাক্টের একটি ফেব্রিক্সের চালান আন্ড্রা ডিজাইন এন্ড ফ্যাশনস লিঃ, ফতেয়াবাদ, হাটহাজারী, চট্টগ্রাম যাওয়ার পথে ভুল তথ্যের উপর ভিত্তি করে গত বুধবার শুল্ক গোয়েন্দা কর্তৃক আটক করা হয়। চালককে কোন প্রকার তথ্য প্রদান ও কথা বলার সুযোগ না দিয়ে মোবাইল ও ডেলিভারি চালান জব্দ করে পণ্য গুলো কাস্টম হাউস, চট্টগ্রাম এর কাস্টোডিয়ান শাখায় জমা করা হয় এবং প্রতিষ্ঠানের বিরুদ্ধে আটক মামলা দায়ের করে এ দপ্তরে প্রেরণ করা হয়। প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ উক্ত সাব কন্ট্রাক্টের স্বপক্ষে সমিতির অনুমোদন, সাব কন্ট্রাক্ট এগ্রিমেন্টের কপি, ডেলীভারী চালান, ইউডি ও আটককৃত কাঁচামালের ক্রয় সংক্রান্ত দলিলাদি দাখিল করেছে।

প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাদের বক্তব্য আমলে নিয়ে দাখিলকৃত দলিলাদির ভিত্তিতে আটক মামলার অভিযোগ হতে অব্যাহতি প্রদান এবং আটক ফেব্রিক্স ছাড় প্রদানের জন্য আবেদন করেন।

১১। **শুনানি গ্রহণ ঃ**

ন্যায় বিচারের স্বার্থে আটক মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যক্তিগত শুনানি গ্রহণের জন্য ২৮/০৫/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা সময় নির্ধারণ করা হয়েছিল। নির্ধারিত দিনে প্রতিষ্ঠানের সিনিয়র ম্যানেজার জনাব নওশাদ চৌধুরী মিঠু প্রতিষ্ঠানের পক্ষে ব্যক্তিগত শুনানিতে উপস্থিত হয়ে লিখিত জবাবের পুনরাবৃত্তি করেন এবং মৌখিকভাবে জানান যে, মেসার্স ফোর এইচ ফ্যাশনস লিঃ হতে আন্ড্রা ডিজাইন এন্ড ফ্যাশনস লিঃ এ আন্তঃবন্ড স্থানান্তরের জন্য ফেব্রিক্স নিয়ে যাওয়ার পথে শুল্ক গোয়েন্দা কর্তৃক আটক করা হয়। আটককালীন সময়ে গাড়ীতে ডেলীভারী চালান ছাড়া আন্তঃ বন্ড স্থানান্তরের কোন দলিলাদি ছিল না। পরবর্তীতে দলিলাদিসহ শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামে জমা প্রদান করলেও তা গ্রহণ করা হয়নি। এক প্রশ্নের জবাবে তিনি জানান যে, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর হতে মূসক চালান প্রদর্শনের কথা বলা হলেও আন্তঃ বন্ড স্থানান্তরের ক্ষেত্রে এটি প্রয়োজন নেই। সর্বশেষ তিনি বিষয়টি সহানুভূতির সাথে দেখার জন্য অনুরোধ করেন।

১২। **পর্যালোচনা ঃ**

শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক দায়েরকৃত আটক মামলা, কারণ দর্শানো নোটিশের প্রেক্ষাপট, প্রতিষ্ঠানের লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য ও আটক মামলা সংক্রান্ত অন্যান্য দলিলাদি পর্যালোচনা করা হলো।

পর্যালোচনায় দেখা যায়, আটককৃত ফেব্রিক্স পরিবহনের স্বপক্ষে শুল্ক ও মূসক সংক্রান্ত কোন আইনানুগ দলিলাদি গাড়ী চালক দেখাতে পারেননি। বন্ড লাইসেন্সধারী কোনো তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানকে সাব-কন্ট্রাক্ট বা অন্য কোনো আইনানুগ পদ্ধতিতে কাঁচামাল/পণ্য পরিবহনের ক্ষেত্রে ০(শূণ্য) হারের মূসক চালান সংরক্ষণ/সরবরাহ করার আইনগত বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া গাড়িচালক উল্লিখিত পণ্য চালান পরিবহনের স্বপক্ষে সাব-কন্ট্রাক্টের কোনো দলিল বা অন্য কোনো প্রামাণিক দলিলাদিও উপস্থাপন করতে পারেননি। প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দলিলাদি যে উক্ত পণ্য সরবরাহের জন্য গ্রহণ করা হয়েছে তাও মিলিয়ে দেখার কোন সুযোগ ছিল না। সুতারাং এক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বক্তব্য যথাযথ নয়। অর্থাৎ অভিযোগ প্রমাণিত হয়।



Scanned by CamScanner

**আদেশঃ**

১৩। বন্ডার মেসার্স ফোর এইচ ফ্যাশন লিঃ, ৭৭৮, ডিটি রোড, আসকারাবাদ, ডবলমুরিং, চট্টগ্রাম -এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবেই প্রমাণীত হওয়ায় The Customs Act, 1969 এর Section 111 মোতাবেক আটককৃত ও অবৈধ অপসারিত পণ্যের প্রযোজ্য শুল্ক করাদি বাবদ ১১,৬৭,৮৩৭.০০ (এগার লক্ষ সাতষট্টি হাজার আটশত সাইত্রিশ দশমিক শূণ্য শূণ্য) টাকা এই আদেশ জারির ১৫(পনের) দিনের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক ট্রেজারি চালানের মূল কপি এ দপ্তরে দাখিল করার জন্য আদেশ দেয়া হলো।

১৪। এছাড়াও প্রতিষ্ঠানের কর্মকান্ডে The Customs Act, 1969 এর Section 97 এবং Section 13(1) এর সংগে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলীর শর্ত নং-২, ৫ লংঘনের অভিযোগ প্রমাণিত হওয়ায় The Customs Act, 1969 এর Section 156(1) এর Table এর Clause 1, 51(a), 59, 61, 62 ও 90 মোতাবেক মেসার্স ফোর এইচ ফ্যাশন লিঃ, ৭৭৮, ডিটি রোড, আসকারাবাদ, ডবলমুরিং, চট্টগ্রাম -কে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থদন্ড আরোপ করা হলো এবং আটককৃত পণ্যসমূহ রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হলো।

১৫। পণ্যগুলো অবাধে আমদানিযোগ্য বিধায় The Customs Act, 1969 এর Section 181 অনুযায়ী বাজেয়াপ্তির পরিবর্তে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা বিমোচন জরিমানা আরোপ করা হলো। আরোপিত অর্থদন্ড বাবদ, বিমোচন জরিমানা ও অবৈধভাবে অপসারিত পণ্যের প্রযোজ্য শুল্ক করাদিসহ মোট ১২,৬৭,৮৩৭.০০ (বার লক্ষ সাতষট্টি হাজার আটশত সাইত্রিশ দশমিক শূণ্য শূণ্য) টাকা এই আদেশ জারির ১৫(পনের) দিনের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক ট্রেজারি চালানের মূল কপি এ দপ্তরে দাখিল করার জন্য আদেশ দেয়া হলো। বিচারাদেশভুক্ত সরকারী রাজস্ব পরিশোধ সাপেক্ষে আটককৃত পণ্যসহ কাভার্ড ভ্যান মেসার্স ফোর এইচ ফ্যাশন লিঃ, ৭৭৮, ডিটি রোড, আসকারাবাদ, ডবলমুরিং, চট্টগ্রাম এর অনুকূলে ছাড় প্রদানের নির্দেশ দেয়া হলো।

(মোঃ আজিজুর রহমান)
কমিশনার
ফোন ঃ- ০৩১-২৮৬৩২৫৩
ই-মেইলঃ cbcctg@yahoo.com

নথি নং- ৫(১৩)কাবক/চট্টঃ/ফোর এইচ গ্রুপ/শুঃ গোঃ চট্টঃ/আটক মামলা/১৭/২০১৯/ ১৫২৮(৭) তারিখ ঃ ২৮/০৫/২০১৯ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
২। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, সরকারী কার্যভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৫। উপ/সহকারী কমিশনার, কাস্টোডিয়ান শাখা, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম
৭। সভাপতি, বিকেএমইএ, চেম্বার হাউস (৪র্থ তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।
৮। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ফোর এইচ ফ্যাশন লিঃ, ৭৭৮, ডিটি রোড, আসকারাবাদ, ডবলমুরিং, চট্টগ্রাম
৯-১০। গার্ড ফাইল/অফিস কপি।

(সন্তোষ সরেন)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে



Scanned by CamScanner